ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণী (১০ম সভা)

| | | |
|---|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ এজাজ, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। | |
| তারিখ | : ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ | ।। ২৯ সেপ্টেম্বর ২০২৫ |
| সময় | : বেলা ৩:০০ ঘটিকা। | |
| স্থান | : মিনি কনফারেন্স রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। | |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "**ক**"

সভার শুরুতে সভাপতি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কমিটির সকল সদস্য, বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নাগরিক সেবা প্রদান আরো গতিশীলকরণ এবং সেবার মান উন্নয়নের জন্য সকলকে অনুরোধ জানান। তিনি সকল বৈষম্য নিরসন করে ঢাকা সিটিকে একটি ন্যায্য ও আধুনিক সিটিতে রূপান্তরের জন্য সবার সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণসহ অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

পরবর্তীতে এজেন্ডাভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০১** | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৯ম সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত আলোচনা। |
| আলোচনা | : | বিগত ২৮ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোনো সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। উপস্থিত সকল সদস্যদের পরিবর্তন/পরিমার্জনের বিষয়ে কোন মতামত না থাকায় ৯ম সভার কার্যবিবরণীর সকল অংশ দৃঢ়ীকরণের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০১ | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ৯ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০২** | : | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন Preparation of Local Area Plan and Feasibility Study for Short Term Measures of Newly Included 18 Wards of Dhaka North City Corporation শীর্ষক প্রকল্প এর চূড়ান্ত পরিকল্পনা প্রতিবেদন অনুমোদন ও গ্রহণ সংক্রান্ত।<br>(খ) C4C প্রকল্পের আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন (অর্থ বছর ২০২৪-২০২৫) অনুমোদন সংক্রান্ত। |

| | | |
|---|---|---|
| আলোচনা | : | (ক) সভায় আরো জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সম্প্রসারিত ১৮ (আঠারো)টি ওয়ার্ডে পরিকল্পিত উন্নয়ন, পরিবেশবান্ধব অবকাঠামো গঠন এবং জনগণের জীবনমান উন্নয়নের জন্য প্রণীত Preparation of Local Area Plan and Feasibility Study for Short-term Measures for Newly Included 18 (Eighteen) Wards of Dhaka North City Corporation শীর্ষক কাজটি সম্পন্ন করার জন্য Data Expert (pvt.) Limited Joint venture with TROYEE Associates কে কার্যাদেশ প্রদান করা হয় । ফেজ-১ এর কাজ ২২/১০/২০১৯ থেকে ১৫/০৬/২০২১ মেয়াদে প্রায় ০১ বছর ৭ মাস ২৩ দিন মেয়াদে শেষ হয়। ফেজ-১ এর কার্যক্রম সম্পন্ন হওয়ায় ১৬/০৬/২০২১ হতে ১৫/০৬/২০২২ তারিখ পর্যন্ত ১২ মাস মেয়াদে ফেজ-২ এর কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়। উল্লেখ্য, কোভিড-১৯ সংক্রমণসহ দেশের সার্বিক প্রেক্ষাপট বিবেচনায় ফেজ-২ এর কাজের মেয়াদ কয়েক ধাপে বৃদ্ধি করে সর্বশেষ ৩১ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্প এলাকার আওতাধীন সকল ওয়ার্ড কাউন্সিলর অফিস কর্তৃক প্রকল্পের কাজ সরাসরি পরিদর্শন করা হয়েছে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর ও স্থানীয় জনসাধারণ ও সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে এলাকার বর্তমান অবস্থা, সমস্যা চিহ্নিতকরণ, উন্নয়ন প্রস্তাবনা এবং পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পরিশেষে, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ToR অনুযায়ী DNCC হতে চাহিত চূড়ান্ত পরিকল্পনা রিপোর্ট সহ অন্যান্য সকল deliverables (reports, maps, GIS database etc) দাখিল করা হয়েছে।<br><br>সভায় আরো জানানো হয় যে, ৯ম সভার সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য প্রকল্পের বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার, সরকারি সংস্থা (রাজউক, ডিসি, ডিটিসিএ, ডিএমপি ইত্যাদি) এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বোর্ড সভার সদস্যদের উপস্থিতিতে একটি Dissemination Seminar এর আয়োজন করা হয়েছে। সভায় আলোচ্য প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন Preparation of Local Area Plan and Feasibility Study for Short Term Measures of Newly Included 18 Wards of Dhaka North City Corporation শীর্ষক প্রকল্প এর চূড়ান্ত পরিকল্পনা প্রতিবেদন অনুমোদন ও গ্রহণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>(খ) সভায় 18 Wards-এর অন্তর্ভূক্ত অবকাঠামো গুলো সুষ্ঠুভাবে নির্মাণের জন্য একটি সুনির্দিষ্ট রোড লেভেল/প্লিন্থ লেভেল নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে অবকাঠামো গুলো সুষ্ঠুভাবে নির্মাণের জন্য একটি সুনির্দিষ্ট রোড লেভেল/ প্লিন্থ লেভেল নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্র হণের জন্য সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>(গ) সভায় স্থানীয় সরকার আইন ২০০৯ এ ৪৩ ধারা মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন (অর্থ বছর ২০২৪-২০২৫) অনুমোদন ও প্রকাশের নিমিত্ত উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার আইন ২০০৯ এ ৪৩ ধারা মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন (অর্থ বছর ২০২৪- |

| | | |
|---|---|---|
| | | ২০২৫) অনুমোদনসহ প্রকাশের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০২ | : | ২.১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন Preparation of Local Area Plan and Feasibility Study for Short Term Measures of Newly Included 18 Wards of Dhaka North City Corporation শীর্ষক প্রকল্প এর চূড়ান্ত পরিকল্পনা প্রতিবেদন অনুমোদন ও গ্রহণের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২) 18 Wards-এর অন্তর্ভূক্ত অবকাঠামো গুলো সুষ্ঠুভাবে নির্মাণের জন্য একটি সুনির্দিষ্ট রোড লেভেল/প্লিন্থ লেভেল নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩) স্থানীয় সরকার আইন ২০০৯ এ ৪৩ ধারা মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন (অর্থ বছর ২০২৪-২০২৫) অনুমোদনসহ প্রকাশের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৩** | : | রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা পূরণ করা সাপেক্ষে টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত করত: কর কর্মকর্তাদের ব্যবহারের জন্য গাড়ী প্রদান সংক্রান্ত। |
| আলোচনা | : | সভায় জানানো হয় যে, ১৭/০৮/২০২৫খ্রি. তারিখে ডিএনসিসি'র প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০২৫-২৬ অর্থ বছরের বাজেটে লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনার বিষয়ে মতবিনিময় সভা নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (সিদ্ধান্ত ক্রমিক নং- ৭ ): |

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা পূরণ করা সাপেক্ষ টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত করত: কর কর্মকর্তাদের ব্যবহারের জন্য গাড়ী প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>মহাব্যবস্থাপক (পরিবহন) |

সভায় জানানো হয়, 'কর কর্মকর্তা' ৭ম গ্রেডভুক্ত একটি পদ। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোতে ২০টি কর কর্মকর্তার পদ রয়েছে। বিস্তারিত আলোচনান্তে রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের অধীন কর কর্মকর্তাদের অনুকূলে গাড়ী বরাদ্দকরণের জন্য টিওএন্ডতে অন্তর্ভুক্তকরণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৩ | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের অধীন কর কর্মকর্তাদের অনুকূলে গাড়ী বরাদ্দকরণের জন্য টিওএন্ডতে অন্তর্ভুক্তকরণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | ১। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>২। মহা-ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-০৪ | : | গুলাশান-১ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স নির্মাণ সংক্রান্ত। |
| আলোচনা | : | সভায় প্রধান প্রকৌশলী বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন গুলশান ১ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স নির্মাণের জন্য গত ২৭/০১/২০০৩ইং তারিখে দরপত্র আহ্বান করা হয়। উক্ত দরপত্রের আলোকে তিনটি প্রতিষ্ঠান মেসার্স আল আমিন কনস্ট্রাকশন কোং লিঃ, মেসার্স বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিঃ এবং মেসার্স আমিন এসোসিয়েটস্ ওভারসিজ লিঃ দরপত্র দাখিল করেন। উক্ত দরপত্রসমূহ মূল্যায়ন শেষে টেন্ডার কমিটির সভায় মেসার্স বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিঃ কে প্রাথমিকভাবে Letter of Award প্রদানের প্রস্তাব অনুমোদিত হয়। কিন্তু মেসার্স বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিঃ গুলশান-১ এ সিটি ট্রেড সেন্টার নির্মাণের বিপক্ষে আদালতে যে মামলাসমূহ দায়ের করেছিল সেগুলো দীর্ঘ দেড় বছরেও নিষ্পত্তি না হওয়ায় এ প্রকল্পের জন্য তাদের দাখিলকৃত প্রস্তাব বাতিল করে প্রস্তাবের সাথে দাখিলকৃত Commitment Fee ফেরত প্রদানের জন্য মেয়র মহোদয় বরাবর আবেদন করেন। বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিঃ এর আবেদনের প্রেক্ষিতে তাদের প্রস্তাব বাতিলের প্রস্তাবনা মাননীয় মেয়র মহোদয় কর্তৃক গত ১৫/০৩/২০০৫ইং তারিখে অনুমোদিত হয় এবং ২য় ও ৩য় বিবেচিত প্রতিষ্ঠানকে ইতোমধ্যে ১ম প্রস্তাবকারী বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিঃ প্রদত্ত শর্তাবলী অনুযায়ী কাজটি বাস্তবায়ন করার জন্য পর্যায়ক্রমে প্রস্তাব দেয়া যেতে পারে শীর্ষক প্রস্তাবনা অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের আলোকে পরবর্তীতে ২য় সর্বোচ্চ স্কোরধারী আমিন এসোসিয়েটস ওভারসীজ কোং লিঃ কে পত্র প্রদান করা হলে আমিন এসোসিয়েটস ওভারসীজ কোং লিঃ ১ম প্রস্তাবকারী বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিঃ প্রদত্ত শর্তাবলী অনুযায়ী কাজটি বাস্তবায়ন করার জন্য সম্মতি জ্ঞাপন করেন। গত ৮ নভেম্বর ২০০৫ তারিখে এস, আর, ও নং ৩০৭-আইন/২০০৫-পৌর-১/২এম-৪/৯২ মোতাবেক ঢাকা সিটি কর্পোরেশন (উদ্যোগী সংস্থার অর্থায়নে বহুতল বাণিজ্যিক বা আবাসিক ভবন নির্মাণ ও দীর্ঘমেয়াদী বন্দোবস্ত ও হস্তান্তর) বিধিমালা, ২০০৫ এর প্রজ্ঞাপন জারী করা হলে উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী মূল্যায়ন কমিটি কর্তৃক প্রাপ্ত প্রস্তাবসমূহ মূল্যায়ন করতঃ সর্বোচ্চ স্কোরধারী প্রতিষ্ঠান আমিন এসোসিয়েটস ওভারসীজ কোং লিঃ এর সাথে চুক্তি সম্পাদনের সুপারিশ মাননীয় মেয়র কর্তৃক অনুমোদিত হয়। উক্ত অনুমোদিত মূল্যায়ন কমিটির প্রতিবেদনের আলোকে একটি খসড়া চুক্তি প্রস্তুত করা হয় এবং উক্ত খসড়া চুক্তিসহ প্রকল্পটি অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হলে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ৯/৮/২০০৬ইং তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের আলোকে গত ২৭/০৯/২০০৬ইং তারিখে আমিন এসোসিয়েটস ওভারসীজ কোম্পানী লিঃ এর সাথে চুক্তি সম্পাদিত হয়। উক্ত সম্পাদিত চুক্তি মোতাবেক বিলুপ্ত ঢাকা সিটি কর্পোরেশনের শেয়ার ২৭% এবং উদ্যোগী সংস্থার শেয়ার ৭৩%।<br><br>পরবর্তীতে উদ্যোগী সংস্থা কর্তৃক নির্ধারিত সময়ে চুক্তির ৩৫নং শর্ত মোতাবেক Performance Bond দাখিল না করায় আইনগত মতামতের আলোকে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শেয়ার বৃদ্ধির প্রস্তাবনা প্রদান করা হয়। উক্ত প্রস্তাবনার আলোকে ডিসিসি'র শেয়ার ২৭% থেকে ৩% বৃদ্ধি করে ৩০% করণ সংক্রান্ত উদ্যোগী সংস্থা কর্তৃক শেয়ার পুন:বন্টন প্রস্তাব ঢাকা সিটি কর্পোরেশনের নিকট দাখিল করা হয়। উক্ত দাখিলকৃত প্রস্তাবনা ঢাকা সিটি কর্পোরেশন (উদ্যোগী সংস্থার অর্থায়নে বহুতল বাণিজ্যিক বা আবাসিক ভবন নির্মান ও দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত ও হস্তান্তর) বিধিমালা-২০০৫ এর সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটির মাধ্যমে পুণ:মূল্যায়ন করতঃ ডিসিসি'র শেয়ার ৩৭% পর্যন্ত বৃদ্ধির সুপারিশ করে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয় এবং |

মূল্যায়ন প্রতিবেদনটি মাননীয় মেয়র কর্তৃক অনুমোদিত হয়। উদ্যোগী সংস্থার অর্থায়ন পদ্ধতিতে বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা সিটি কর্পোরেশন বিধিমালা ২০০৫ এর ১১ নং বিধি অনুযায়ী পূণঃমূল্যায়িত প্রকল্পটি অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদান করা হলে গত ১০/০৫/২০১০ইং তারিখে স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন পাওয়া যায়। উক্ত অনুমোদনের আলোকে গত ১৫/১১/২০১০ইং তারিখে সংশোধিত চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত সংশোধিত চুক্তি মোতাবেক ডিসিসি'র শেয়ার ৩৭%। সংশোধিত চুক্তির আলোক গুলশান ১ মার্কেটের স্থলে ৩টি বেজমেন্ট, ১টি সেমি-বেজমেন্টসহ ১৪ তলা ভবন নির্মাণ করার প্রস্তাবনা রয়েছে।

পরবর্তীতে মামলাসহ নানাবিধ জটিলতার কারণে উদ্যোগী সংস্থাকে বাধামুক্ত সাইট হস্তান্তর করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পটি দীর্ঘদিন অনিষ্পন্ন অবস্থায় ছিল। পরবর্তীতে গত ১৩/০৮/২০২৫ইং তারিখে মাননীয় প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে আলোচ্য প্রকল্পের বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র নং. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৬.১ | উদ্যোগী সংস্থার অর্থায়নে গুলশান-১ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পটির ডিএনসিসি'র শেয়ার যৌক্তিভাবে বৃদ্ধি করে একটি সংশোধিত প্রস্তাবনা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট দাখিল করতে হবে। | আমিন এসোসিয়েটস ওভারসীজ কোং লি.। |
| ৬.২ | উদ্যোগী সংস্থার অর্থায়নে গুলশান-১ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের বিষয়ে উদ্যোগী সংস্থার সংশোধিত প্রস্তাবনাটি আইন বিভাগ কর্তৃক মতামত গ্রহন করতঃ সদয় সিদ্ধান্তের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | প্রকৌশল বিভাগ, আইন বিভাগ ও সম্পত্তি বিভাগ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| ৬.৩ | উদ্যোগী সংস্থার অর্থায়নে গুলশান-১ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের সংশোধিত চুক্তি সম্পাদনের পূর্বে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। | প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ক্র নং. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| ৬.৪ | সংশোধিত চুক্তি সম্পাদনের পর দ্রুততম সময়ের মধ্যে সাইট হস্তান্তর করতে হবে। | সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| ৬.৫ | সংশোধিত চুক্তি স্বাক্ষরের পূর্বে প্রকল্প সংশ্লিষ্ট সকল মামলা নিষ্পত্তি করতে হবে। | আইন বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও |

| | | |
|---|---|---|
| | | আমিন এসোসিয়েটস ওভারসীজ কোং লি.। |
| ৬.৬ | সংশোধিত চুক্তির আলোকে রাজউক, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সহ সংশ্লিষ্ট সকল সংস্থার আইন/বিধি অনুসারে নক্সা প্রণয়ন করে কাজটি বাস্তবায়ন করতে হবে। | প্রকৌশল বিভাগ,<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>ও<br>আমিন এসোসিয়েটস<br>ওভারসীজ কোং লি.। |

**গত** ১৩/০৮/২০২৫ইং তারিখে মাননীয় প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৬.১ ক্রমিকের সিদ্ধান্তের আলোকে উদ্যোগী সংস্থা কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের শেয়ার ৪০% বৃদ্ধি করে ৫টি বেজমেন্ট, ১টি সেমি-বেজমেন্ট এবং ৩৬ তলা ভবন নির্মাণের নিমিত্তে একটি সংশোধিত প্রস্তাবনা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট দাখিল করেন। উদ্যোগী সংস্থা কর্তৃক দাখিলকৃত সংশোধিত প্রস্তাবনাটি গত ১৩/০৮/২০২৫ইং তারিখে মাননীয় প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৬.২ ক্রমিকের সিদ্ধান্তের আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বোর্ড সভায় উপস্থাপন করা হলো।

আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে চলমান অন্যান্য প্রকল্পের ন্যায় জটিলতা পরিহারের নিমিত্তে আলোচ্য স্থানে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সর্বোচ্চ উচ্চতা সংক্রান্ত তথ্য সংগ্রহ করতঃ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনান্তে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উচ্চতা সংক্রান্ত মতামত গ্রহণ করতঃ উদ্যোগী সংস্থার সর্বশেষ ১৪/০৯/২০২৫ তারিখের সংশোধিত প্রস্তাবনার আলোকে খসড়া সংশোধিত চুক্তিপত্র স্থানীয় সরকার বিভাগের পুর্বানুমোদনক্রমে চূড়ান্তকরণ করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৪ | : | বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উচ্চতা সংক্রান্ত মতামত গ্রহণ করতঃ উদ্যোগী সংস্থার সর্বশেষ ১৪/০৯/২০২৫ তারিখের সংশোধিত প্রস্তাবনার আলোকে খসড়া সংশোধিত চুক্তিপত্র স্থানীয় সরকার বিভাগের পুর্বানুমোদনক্রমে চূড়ান্তকরণ করতে হবে মর্মে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **বিবিধ-৫** | : | ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনাধীন সম্পত্তিসমূহের যথাযথ ব্যবহারের জন্য স্টিয়ারিং কমিটি গঠন।<br>(খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বায়ের বাজার শহীদ বুদ্ধিজীবি কবরস্থানের ৯ নং ব্লকে বেওয়ারিশ লাশ দাফন সংক্রান্ত।<br>(গ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আওতাধীন ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের বিষয়টি "বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা" বাহিনীর তত্ত্বাবধানে বাস্তবায়ন সংক্রান্ত।<br>(ঘ) ডিএনসিসি'র কবরস্থান ব্যতিত অন্যান্য ব্যক্তি মালিকানাধীন/মহল্লাধীন কবরস্থানে সমাহিত জুলাই শহিদ এর কবর/সমাধি স্থায়ীভাবে সংরক্ষণ সংক্রান্ত। |

| | | |
|---|---|---|
| আলোচনা | : | ক) সভায় জানানো হয় যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষসহ বিভিন্ন সংস্থার নিকট হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে প্রাপ্ত জমিসমূহ যথযথাভাবে ব্যবহার করা হচ্ছে না। সে মতে এসকল সম্পদ সমূহ যথাযথ ও নিয়মমাফিক ব্যবহার হওয়া প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে এসকল সম্পত্তিসমূহ যথযথাভাবে ব্যবহারের নিমিত্ত ডিএনসিসি, রাজউক ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষসহ প্রয়োজনে এ সংশ্লেষে অন্যান্য প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠনের বিষয়ে সকল সদস্য একমত প্রকাশ করেন।<br><br>(খ) সভায় জানানো হয় যে, রায়ের বাজার শহীদ বুদ্ধিজীবি কবরস্থানের ৪ নং ব্লকে বেওয়ারিশ লাশ দাফন করা হয়ে থাকে। বর্তমানে উক্ত ব্লকে জায়গার সংকুলান হওয়ায় উক্ত কবরস্থানের ০৯ নং ব্লকে বেওয়ারিশ লাশ দাফনের বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে রায়ের বাজার শহীদ বুদ্ধিজীবি কবরস্থানের ৯ নং ব্লকে বেওয়ারিশ লাশ দাফন করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>(গ) সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বাসা-বাড়ী হতে ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের বিষয়ে নিয়মিত বর্জ্য সংগ্রহ না করা, কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত ফি আদায়সহ বিভিন্ন অভিযোগ উৎখাপিত হওয়ায় এই কাজটি একটি সু-শৃঙ্খল প্রশিক্ষিত প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে দেয়ার জন্য সেনা কল্যান সংস্থাকে পত্র প্রেরণ করা হলে এ বিষয়ে উল্লেখযোগ্য তেমন কোনো অগ্রগতি হয় নাই।<br><br>পরবর্তীতে ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের বিষয়টি "বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা" বাহিনীর তত্ত্বাবধানে বাস্তবায়ন করার জন্য মহা-পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী-কে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের কাজে আগ্রহী হলে উভয় পক্ষের মধ্যে সমঝোতা স্মারক ও MOU খসড়া স্বাক্ষর পূর্বক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের কাজে আগ্রহী হলে উভয় পক্ষের মধ্যে সমঝোতা স্মারক ও MOU খসড়া স্বাক্ষর পূর্বক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>ঘ) সভায় জানানো হয় যে, ডিএনসিসির আওতাধীন কবরস্থানসুমূহে শহিদদের ১৩(তের) টি কবর সংরক্ষণের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মতে ডিএনসিসি'র কবরস্থান ব্যতিত অন্যান্য ব্যক্তি মালিকানাধীন/মহল্লাধীন কবরস্থানে জুলাই শহিদ এর কবর/সমাধি স্থায়ীভাবে সংরক্ষণের কাজ জরুরী ভিত্তিতে শেষ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ডিএনসিসি'র কবরস্থান ব্যতিত অন্যান্য ব্যক্তি মালিকানাধীন/মহল্লাধীন কবরস্থানে সমাহিত জুলাই শহিদ এর কবর/সমাধি স্থায়ীভাবে সংরক্ষণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৫ | : | ৫.১) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষসহ বিভিন্ন সংস্থার নিকট হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে প্রাপ্ত জমির ব্যবস্থাপনার নিমিত্ত জটিলতা সৃষ্টি হলে জমি হস্তান্তর কর্তৃপক্ষের সমন্বয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করে; উক্ত স্টিয়ারিং কমিটির মাধ্যমে জটিলতা নিরসন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.২) বায়ের বাজার শহীদ বুদ্ধিজীবি কবরস্থানের ৪ নং ব্লকে জায়গার সংকুলান না হওয়ায় উক্ত কবরস্থানের ৯ নং ব্লকে বেওয়ারিশ লাশ দাফন করার বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.৩) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বাসা-বাড়ী হতে ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের বিষয়ে নিয়মিত বর্জ্য সংগ্রহ না করা, কোন কোন ক্ষেত্রে অতিরিক্ত ফি আদায়সহ বিভিন্ন অভিযোগ উৎখাপিত হওয়ায় এই কাজটি একটি সু-শৃঙ্খল প্রশিক্ষিত প্রতিষ্ঠানের তত্বাবধানে দেয়ার জন্য সেনা কল্যান সংস্থাকে পত্র প্রেরণ করা হলে এ বিষয়ে উল্লেখযোগ্য তেমন কোনো অগ্রগতি হয় নাই। সে মতে সুষ্ঠু বর্জ্য ব্যস্থপনার স্বার্থে ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের বিষয়টি "বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা" বাহিনীর তত্ত্বাবধানে বাস্তবায়ন করার জন্য মহা-পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী-কে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ভ্যান সার্ভিসের মাধ্যমে বর্জ্য সংগ্রহের কাজে আগ্রহী হলে উভয় পক্ষের মধ্যে সমঝোতা স্মারক ও MOU খসড়া স্বাক্ষর পূর্বক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.৪) ডিএনসিসি'র কবরস্থান ব্যতিত অন্যান্য ব্যক্তি মালিকানাধীন/মহল্লাধীন কবরস্থানে সমাহিত জুলাই শহিদ এর কবর/সমাধি স্থায়ীভাবে সংরক্ষণের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা(সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ এজাজ
প্রশাসক
ও
সভাপতি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভা

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.৩৯৮.২০২৪-২৬৮ তারিখ: ১৪/১০/২০২৫

বিতরণ কার্যার্থে:

...................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪. পুলিশ কমিশনার, ঢাকা।
৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
৬. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।
১০. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)।
১৩. উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমাবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১৪. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।
১৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
১৬. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।
১৭. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৮. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
২০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স।
২১. মহাপরিচালক, বাংলাদেশ প্রত্নতত্ত্ব বিভাগ।
২২. জেলা প্রশাসক, ঢাকা।
২৩. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)।
২৪. ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস।
২৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২৭. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৯. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩২. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩৩. নিরাপত্তা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩৪. অফিস কপি।